

জীবনীমূলক স্কেচ



কৃষিবিদ মোঃ শাহজামান খান, ১৯৭১ সালের ২১ আগস্ট জামালাপুর জেলার মাদারগঞ্জ উপজেলার গাবেরগ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ঐতিহ্যবাহি বালিজুড়ি এফ.এম উচ্চ বিদ্যালয় থেকে ১৯৮৬ সালে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায় প্রথম বিভাগ এবং ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর থেকে ১৯৮৮ সালে প্রথম বিভাগ পেয়ে উচ্চ মাধ্যমিক

সার্টিফিকেট (এইচএসসি) পাস করেন। তিনি ১৯৯২ সালে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ থেকে বিএসসি ইন এনিমেল হাজবেল্ট্রী (অনার্স) ডিগ্রি এবং একই বিশ্ববিদ্যালয় থেকে প্রাণিপুষ্টি বিষয়ে এমএস ডিগ্রি অর্জন করেছেন।

জনাব খান ২০০০ সালে ১৯তম বিসিএস ক্যাডার পরীক্ষার মাধ্যমে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীনস্থ প্রাণিসম্পদ অধিদপ্তরে (ডিএলএস) আওতাধীন কেন্দ্রীয় গো প্রজনন ও দুগ্ধ খামারের বৈজ্ঞানিক কর্মকর্তা পদে প্রথম চাকুরী-তে যোগদান করেন। চাকুরীকালে তিনি প্রাণিপুষ্টি কর্মকর্তা হিসেবে বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানা মিরপুর, ঢাকা, বৈজ্ঞানিক কর্মকর্তা হিসেবে প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান (এলআরআই), মহাখালি, ঢাকা, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা হিসেবে নাইক্ষ্যংছড়ি বান্দরবান, পলাশ নরসিংদী, চাদপুর সদর, চাঁদপুর চাকুরী করেন। তিনি ২০১৮ সালে উপপরিচালক (৫ম গ্রেড) পদে পদোন্নতি পেয়ে, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, কুমিল্লাতে চাকুরী করেন। এছাড়াও ২০২০ সালে তিনি পরিচালক (৩য় গ্রেড) পদে পদোন্নতি পেয়ে, বিসিএস লাইভস্টক একাডেমী সাভার, ঢাকা পদে যোগদান করেন এবং সফলতার সাথে ১৩ নভেম্বর ২০২৪ সাল পর্যন্ত দায়িত্ব পালন করেন। বর্তমানে তিনি পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তরের দায়িত্ব পালন করছেন।

চাকুরীকাল বৈদাশিক প্রশিক্ষনের অংশ হিসেবে ফিলিপাইন, থাইল্যান্ড, ভারত, শ্রীলংকা ও নেপাল ভ্রমণ করেন।